

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

www.bb.org.bd

সার্কুলার পত্র নং-এফইপিডি(রপ্তানি নীতি)২৯১/২০১৩-২৩

শ্রাবণ ০৩, ১৪২০
তারিখ : -----
জুলাই ১৮, ২০১৩

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান
বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত ডিলার
ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

বস্ত্র শিল্প সংশ্লিষ্ট মিলসমূহের জন্য বিশেষ নগদ সহায়তা প্রদান প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ০৭, তারিখঃ মে ১৪, ২০১৩ এর ৪(ক) নং অনুচ্ছেদে
জ্ঞাপিত নির্দেশনাবলীর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় এডি ব্যাংক শাখা উপরোক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনা অনুসারে রপ্তানি
সংশ্লিষ্ট তথ্য/কাগজপত্র ন্যূনতম সময়ে আবেদনকারী ব্যাংককে সরবরাহ না করার ফলে নগদ সহায়তা নিষ্পত্তি
কার্যক্রমে অযাচিত বিলম্ব হচ্ছে।

বর্ণিত অবস্থায়, সার্কুলারে উল্লিখিত নির্দেশনা অনুসরণপূর্বক যাচিত তথ্য/কাগজপত্র দ্রুততম সময়ে
আবেদনকারী ব্যাংকের নিকট সরবরাহ করার জন্য সকল এডি ব্যাংক শাখাকে নির্দেশ প্রদান করার জন্য আপনাদেরকে
পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাহিরুল হক)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫১২৬০৪